



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ মার্চ ২০২৪।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে ২ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা। ০৫ মার্চ ২০২৪ তারিখ সকাল ৯.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “দাপ্তরিক কর্তব্যবোধ ও শিষ্টাচার” বিষয়ের উপর আয়োজিত এ কর্মশালার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মুহসিন উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আহসান হাবিব এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। ২দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ৯০ জন কর্মচারী “দাপ্তরিক কর্তব্যবোধ ও শিষ্টাচার” বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়